



স্থানীয় নির্বাচনে দলগুলোকে ঐকমত্যের আহ্বান সিইসির



সিইসি নাসির উদ্দীন। ছবি: সংগৃহীত

স্থানীয় সরকার নির্বাচনকে সংঘাতমুক্ত ও শান্তিপূর্ণ করতে রাজনৈতিক দলগুলোর মধ্যে সমঝোতার আহ্বান জানিয়েছেন প্রধান নির্বাচন কমিশনার এ এম এম নাসির উদ্দীন। তিনি বলেন, রাজনৈতিক দলগুলোর সহযোগিতা ছাড়া শুধু নির্বাচন কমিশনের পক্ষে সুষ্ঠু নির্বাচন আয়োজন করা সম্ভব নয়।

সোমবার (১৮ মে) রিপোর্টার্স ফোরাম ফর ইলেকশন অ্যান্ড ডেমোক্রেসির (আরএফইডি) নবনির্বাচিত কমিটির দায়িত্ব গ্রহণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সিইসি জানান, অতীতে স্থানীয় সরকার নির্বাচনকে কেন্দ্র করে সংঘর্ষ ও প্রাণহানির ঘটনা ঘটেছে। তাই রাজনৈতিক দলগুলোর উচিত আগে থেকেই বোঝাপড়ার মাধ্যমে উত্তেজনা এড়িয়ে চলা।

তিনি আরও বলেন, এবারের স্থানীয় সরকার নির্বাচনে দলীয় প্রতীক ব্যবহার না করার সিদ্ধান্ত থাকলেও বিভিন্ন দল ইতোমধ্যে প্রার্থী ঘোষণা শুরু করেছে। এ কারণে আচরণবিধি ও নির্বাচন পরিচালনা বিধিমালায় পরিবর্তনের কাজ চলছে।

LENS ASIA